# চুক্তিনামা

## সরকারী শিশু সদন, খাগড়াছড়ি পার্বত্য জেলার বিষয়াদি খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদে হস্তান্তর

সমন্বয়ে ঃ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ।

## খাগড়াছড়ি পার্বত্য জেলার সরকারি শিশুসদন/শিশুপরিবার, খাগড়াছড়ি পার্বত্যজেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে হস্তান্তরের চুক্তিপত্র :

যেহেতু খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ২০ নম্বর আইন যা ১৯৯৮ সনের ১০ নং আইন দ্বারা সংশোধিত)এর ধারা-২২ এর অন্তর্ভুক্ত ১ম তফশীলে বর্ণিত সরকার কর্তৃক পরিচালিত সরকারি শিশুসদন/শিশুপরিবার, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে নিম্নলিখিত শর্তে হস্তান্তর করতে সরকার ইচ্ছা প্রকাশ করেছেন;

এবং যেহেতু সরকার ও খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের মধ্যে এ বিষয়ে আলোচনা হয়েছে এবং উক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ সরকারি শিশুসদন/শিশুপরিবার নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে গ্রহণ করতে সম্মত হয়েছেন;

সেহেতু সরকার উপরিউক্ত আইনের ২৩(খ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের সম্মতিক্রমে নিম্নলিখিতভাবে কর্ম ও বিষয়গুলি নিম্নবর্ণিত শর্তাধীনে খাগড়াছড়ি পার্বত্যজেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে হস্তান্তর করলেন;

## কর্ম ও বিষয়

সরকার তথা সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত খাগড়াছড়ি পার্বত্যজেলার সরকারি শিশুসদন/পরিবার এর;

(১) সকল কার্যক্রম পরিচালনা, তত্ত্বাবধান, সমন্বয় সাধন ও নিয়ন্ত্রণ;

(২) উন্নয়নের জন্য স্থানীয়ভাবে পরিকল্পনা/প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন;

(৩) জাতীয় পর্যায়ে গৃহীত সকল উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন;

(৪) উপতত্ত্বাবধায়ক ও অধীনস্থ কর্মকর্তা ও কর্মচারীগণ এবং তাদের চাকুরী;

(৫) সকল অফিস, ভবন, সম্পদ, যানবাহন, আসবাবপত্র ইত্যাদি ও এদের ব্যবস্থাপনা, মেরামত, সংস্কার, রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন;

(৬) সকল তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের নিয়োগ, ছুটি, প্রশিক্ষণ, বদলী ও শৃঙ্খলামূলক ব্যবস্থা; সকল তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের পদোন্নতির ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা পরিষদ সুপারিশ করতে পারবেন কিন্তু পদোন্নতির বিষয়ে অধিদফতর হতে বিধিমোতাবেক কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(৭) সরকারি শিশুসদন ও শিশুপরিবার ব্যবস্থাপনা নীতিমালায় যে সকল কমিটির রূপরেখা দেওয়া হয়েছে, সে সকল কমিটির সভাপতি হিসাবে পার্বত্যজেলা পরিষদের চেয়ারম্যান নিযুক্ত হবেন।

### শর্তসমূহ :

১. **অর্থ বরাদ্দ :**

(ক) জেলা কর্মকর্তা ও কর্মচারীদের বেতনভাতা ও অফিসিয়াল অন্যান্য সকল অর্থ বরাদ্দ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তর পরিষদের অনুকূলে প্রদান করবে এবং পরিষদ বিধি/প্রবিধান মোতাবেক তা পরিশোধ করবে;

(খ) অধিদপ্তরে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের বেতনভাতা ও উপজেলা কার্যালয়ের অফিসিয়াল অন্যান্য ব্যয়ের অর্থ সরাসরি উপজেলায় বরাদ্দ প্রদান করে পরিষদকে অনুলিপি দিতে হবে;

(গ) সকল উন্নয়ন কর্মকাণ্ডের জন্য মন্ত্রণালয় বরাদ্দযোগ্য অর্থ পরিষদের অনুকূলে বরাদ্দ প্রদান করবে;

(ঘ) জেলায় অবস্থিত বাসাবাড়ী, বিশ্রামাগার, স্থাপনা, যানবাহন, আসবাবপত্র ও অন্যান্য উৎস হইতে প্রাপ্ত আয় জেলা পরিষদের তহবিলে জমা হবে।

২। **নিয়োগ, বদলী, ছুটি, শৃঙ্খলামূলক ব্যবস্থা ইত্যাদি :**

(ক) কর্মকর্তাগণের নিয়োগ, বদলী, ছুটি, প্রশিক্ষণ ও শৃঙ্খলামূলক ব্যবস্থা ইত্যাদি প্রচলিত বিধি বিধান ও নিয়মানুসারে পরিচালিত হবে। তারা পরিষদের অধীনে প্রেষণে নিয়োজিত থাকবেন;

(খ) জেলায় নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের স্বাভাবিক মেয়াদ পুর্তির পূর্বে অন্য জেলায় বদলী করা হবে না এবং জনস্বার্থে বিশেষ কারণে বদলী করবার ক্ষেত্রে পরিষদকে অবহিত করা হবে। বদলীর ক্ষেত্রে কর্মকর্তা কর্মচারীদের অবমুক্তির জন্য পরিষদ চেয়ারম্যানের অনুমোদন নিতে হবে;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

(ঘ) সকল ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী নিয়োগ, বদলী, পদোন্নতি, প্রশিক্ষণ ও শৃঙ্খলামূলক ব্যবস্থা পরিষদের কর্মচারীদের চাকুরী প্রবিধানমালা মোতাবেক সম্পাদিত হবে এবং জেলার অভ্যন্তরে কর্মচারীদের বদলী জেলা পরিষদ করবে।

৩। **বার্ষিক গোপনীয় অনুবোদন :**

(ক) উপতত্ত্বাবধায়কের বার্ষিক গোপনীয় অনুবেদন সংশ্লিষ্ট জেলার উপপরিচালক লিখবেন ও পরিষদের চেয়ারম্যান প্রতিস্বাক্ষর করে যথাযথ কর্তৃপক্ষের নিকট সংরক্ষণের জন্য প্রেরণ করবেন।

(খ) অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে প্রচলিত নিয়ম বহাল থাকবে।

৪। **বিবিধ :**

প্রচলিত বিধি বিধান ও নীতিমালার সাথে অসংগতিপূর্ণ হবে না শর্তে বিদেশী সাহায্য সংস্থা কর্তৃক কর্ম/বিষয়ের সাথে সংশ্লিষ্ট প্রকল্প বা কর্মসূচি পরিষদের অনুমোদন ও নিয়ন্ত্রণে বাস্তবায়িত হবে।

৫। **চুক্তি সংশোধন :**

(ক) খাগড়াছড়ি পার্বত্যজেলা পরিষদ এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় যৌথভাবে চুক্তিতে বর্ণিত শর্তসমূহ প্রয়োজনবোধে পর্যালোচনাপূর্বক জনস্বার্থে ঐক্যমত্যের ভিত্তিতে এই চুক্তি পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজন করতে পারবেন;

(খ) চুক্তি বাস্তবায়নে এবং এর ব্যাখ্যার ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের মধ্যে কোন বিরোধ দেখা দিলে বিষয়টি নিস্পত্তির জন্য সরকার তথা পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের নিকট পেশ করা হবে এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় উক্ত বিষয়ে বিরোধ নিস্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং খাগড়াছড়ি পার্বত্যজেলা পরিষদের সাথে আলোচনাক্রমে প্রয়োজনীয় পদক্ষেপ/চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

(গ) এই চুক্তির আওতায় কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে :

- শিশু আইন, ১৯৭৪ ও UNCRC এর ব্যত্যয় ঘটানো যাবেনা।
- শিশু পরিবারের শিশুদের নিজস্ব ধর্মীয়, ভাষা, সংস্কৃতি, খাদ্যাভাস ইত্যাদি বৈশিষ্ট্য অক্ষুন্ন রেখে কার্যক্রম পরিচালনা করতে হবে।

এই চুক্তি অদ্য ০৮ নভেম্বর, ২০১২খ্রি:/ ২৪ কার্তিক, ১৪১৯ বঙ্গাব্দ হতে কার্যকর হবে।
আমরা এ চুক্তি নামায় উপরে উল্লিখিত বিষয়গুলি বর্ণিত শর্ত সাপেক্ষে গ্রহণ করতে সম্মতি জ্ঞাপন করলাম।

(কুজেন্দ্র লাল ত্রিপুরা) ০৮/১১/১২
চেয়ারম্যান
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

(মেশকাত আহমেদ চৌধুরী) ০৮/১১/১২
যুগ্নসচিব(উন্নয়ন)
সমাজকল্যাণ মন্ত্রণালয়

পর্যবেক্ষক
৮/১১
(নব বিক্রম কিশোর ত্রিপুরা,এনডিসি)
সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়